Total No. of Printed Pages—7

**1 SEM FYUGP AECBNL 1**

**2024**

**( December )**

# BENGALI

## ( Modern Bengali Language )

**Paper : AECBNL–1**

**( বাংলা ভাষা ও সাহিত্য )**

*Full Marks* : 60 (80 for 2023 Batch)

*Time* : 2 hours (3 hours for 2023 Batch)

*The figures in the margin indicate full marks for the questions*

**প্রথম একক**

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) অন্ত্যমধ্য বাংলা ভাষার কালসীমা উল্লেখ করো।

(খ) ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর কোন্ শাখাটি ভারতে এসেছিল?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' বাংলা ভাষার কোন্ স্তরের নিদর্শন?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) "...ইন্দো-ইউরোপীয় বা আর্যভাষাবংশটি নানা কারণে সবচেয়ে গুরুত্বপূর্ণ"—এই মতের পক্ষে তিনটি যুক্তি উল্লেখ করো।

(খ) বাংলা ভাষার যুগবিভাগগুলি নির্দেশ করো।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) আধুনিক বাংলা ভাষার নিদর্শনসহ এর ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(খ) বাংলা ভাষার জন্ম ও উদ্ভব বিকাশের পরিচয় দাও।

## দ্বিতীয় একক

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) বঙ্গের কোন্ অঞ্চলে কামরূপী বা রাজবংশী ভাষার প্রচলন রয়েছে?

(খ) অসমের যে কোনো একটি উপভাষার নাম উল্লেখ করো।

(গ) মালদহ অঞ্চলের প্রচলিত উপভাষাটির নাম লেখো।

৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) রাঢ়ী উপভাষার তিনটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) ভাষা এবং উপভাষার সম্পর্ক কী?





৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) বঙ্গালী উপভাষার অবস্থান উল্লেখ করে এই উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

(খ) ময়মনসিংহী উপভাষার নিদর্শনসহ এর ভৌগোলিক অবস্থান উল্লেখ করে এই উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

## তৃতীয় একক

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) "একটা ওল্ড ফুল ছিল বটে"—এখানে 'ওল্ড ফুল' বলতে কাকে বোঝানো হয়েছে?

(খ) জ্ঞানতরঙ্গিণী সভাটি কোথায় অবস্থিত?

(গ) নবকুমারের বন্ধুর নাম কী ছিল?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) 'একেই কি বলে সভ্যতা?'র হরকামিনী চরিত্রটি আলোচনা করো।

(খ) "কলেজে থেকে কেবল ইংরাজি চর্চা হয়েছিল, তা আমাদের জাতীয় ভাষা তো কিঞ্চিৎ জানা চাই..."—বক্তা কে? জাতীয় ভাষা জানার জন্য কীরূপ ব্যবস্থা গ্রহণ করেছিলেন?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) প্রহসন কাকে বলে? প্রহসন হিসেবে 'একেই কি বলে সভ্যতা?'র সার্থকতা বিচার করো।

(খ) 'একেই কি বলে সভ্যতা?'র নারী চরিত্র চিত্রণে নাট্যকা[illegible] কৃতিত্ব তুলে ধরো।

## চতুর্থ একক

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) "আমার একটা জিনিস তোমাদের ঘরকন্নার বাইরে ছিল, সেটা কেউ তোমরা জাননি"—মৃণাল তার পত্রে ঘরকন্নার বাইরে কোন্ সখের কথা উল্লেখ করেছিল?

(খ) উলাপুর গ্রামের পোস্ট অফিসের স্থাপনা কে করেছিলেন?

(গ) চন্দরা কে ছিল?

১১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৪

(ক) 'দেনাপাওনা' গল্প অবলম্বনে নিরুপমার চরিত্রটি তুলে ধরো।

(খ) "বাঁধ ভাঙিলে যেমন জল আসে গ্রামের মধ্যে তেমনি হু হু শব্দে পুলিস আসিয়া পড়িল; অপরাধী এবং নিরপরাধী সকলেই বিষম উদ্বিগ্ন হইয়া উঠিল।"—পুলিস আসার কারণ কী ছিল? প্রকৃত অপরাধী কে ছিল?





১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৯

(ক) 'স্ত্রীর পত্র' অবলম্বনে মৃণাল চরিত্রটি আলোচনা করো।

(খ) "যম তখন পরাহত ব্যাঘ্রের ন্যায় আমাকে তাঁহার কবল হইতে ফেলিয়া দিয়া চলিয়া গেলেন, কিন্তু যাইবার সময় আমার স্ত্রীকে একটা প্রবল থাবা মারিয়া গেলেন।"—উক্তিটি কার? গল্প অবলম্বনে বক্তার মনস্তাত্ত্বিক দিকটি বিশ্লেষণ করো।

**( For 2023 Batch Questions no 13 and 14 are compulsory )**

১৩। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৫=৫

(ক) ভাষার আঞ্চলিক রূপকে কী বলা হয়?

(খ) পোস্টমাস্টারের বাড়ি কোথায় ছিল?

(গ) 'নিশীথে' গল্পের জমিদারের নাম কী ছিল?

(ঘ) নবকুমারের পিতা কোন্ ধর্মে বিশ্বাসী ছিলেন?

(ঙ) বৈদ্যনাথ কে?

১৪। সংক্ষেপে উত্তর দাও (যি কোনো তিনটি) : ৫×৩=১৫

(ক) মধ্য বাংলা ভাষার কালসীমা ও নিদর্শন উল্লেখ করো।

(খ) কালীনাথের চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

(গ) "সেই মুহূর্তে সে জননীর পদ অধিকার করিয়া বসিল।" কে, কোন্ মুহূর্তে, কীভাবে জননীর পদ অধিকার করে বসে ?

(ঘ) 'শাস্তি' গল্প অবলম্বনে চন্দরা চরিত্রটি বর্ণনা করো।

**( In Lieu of Internal Assessment (IA) )**

(A) For 2023 Batch, The candidates shall have to attempt Q.Nos 15 and 16.

(B) For 2024 (Regular) Batch, the candidates shall have to attempt all the four Questions from **Q.Nos–13,14,15 and 16.**

১৫। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৫=৫

(ক) প্রাচীন বাংলার সময়কাল কত ?

(খ) কামরূপী উপভাষার একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(গ) 'একেই কি বলে সভ্যতা ?' নাটকে কটি গান রয়েছে ?

(ঘ) 'পোস্টমাস্টার' গল্পে রতনের বয়স কত ছিল ?

(ঙ) 'নিশীথে' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?





১৬। উত্তর দাও (যে কোনো তিনটি) : ৫×৩=১৫

(ক) ঢাকাই বা ঢাকাইয়া উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) 'একেই কি বলে সভ্যতা ?' অবলম্বনে জ্ঞানতরঙ্গিনী সভার বর্ণনা দাও।

(গ) 'দেনা পাওনা' গল্পটি অবলম্বনে তৎকালীন সমাজ-জীবনের পরিচয় দাও।

(ঘ) 'নিশীথে' গল্পটিকে অতিপ্রাকৃত গল্প বলা যায় কিনা, আলোচনা করো।

★★★